


# ছাদ বাগান

Kim Ann Arun

Chea Sereyroth

Let's Read


The Asia Foundation



টিটার ছাদ থেকে যে দৃশ্যটা দেখা যায় সেটা একেবারেই সুন্দর না। বাসার পিছের বিশাল একটা কারখানা থেকে সারাক্ষণ ধোঁয়া বের হতে থাকে। তাই টিটা ঠিক করলো ছাদটাকে সুন্দর করতে সেখানে কয়েকটা সূর্যমুখী গাছ লাগাবে।



কিন্তু সূর্যমুখী গাছগুলো খুব তাড়াতাড়ি নেতিয়ে পড়লো। টিটার খুব ইচ্ছা ওর ছাদে সবসময় ফুল থাকবে। কিন্তু ও কীভাবে এটা করবে?



সপ্তাহের শেষে টিটা ওর বাবার কাছে সাহায্য চাইল।

”আমি চাই ফুল সবসময় থাকুক, বাবা। কিন্তু ওদের বাঁচিয়ে রাখব কীভাবে?” ও জিজ্ঞেস করল।

”আমরা একটা বাগান করব! আমি মাটি আর বীজ বোনার জন্য বিশাল একটা টবের ব্যবস্থা করেছি। আমরা দুইজন মিলে এই বাগানটা যেন ঠিকমতো বেড়ে উঠে আর অনেকদিন সতেজ থাকে সেদিকে খেয়াল রাখব।”



টিটার পরিবার গাছ লাগানোর জন্য অনেক কষ্ট করে মাটি প্রস্তুত করলো। কিন্তু টিটার জন্য একটি চমক অপেক্ষা করছিলো।

"কেঁচো, ছিঃ!"

টিটার বাবা তাকে বলল, " বাগানের জন্য কেঁচো উপকারী। এরা গাছ কে বড় হতে সাহায্য করে।"

টিটা বুঝতে পারছেনা সে কেঁচো পছন্দ করছে কিনা, কিন্তু সে তার বাগানের জন্য এদের রাখবে।



পানি দেয়ার সময় হলে টিটা গাছগুলোর উপর পুরো এক বালতি পানি ঢেলে দিল।

"ভালো করে খাও, বীজবাবুরা, তাহলে তাড়াতাড়ি তোমরা বেড়ে উঠবে!" টিটা ওর গাছগুলোকে বললো।

"টিটা, থাম! এত পানি ঢেলো না।"

টিটার আম্মু ওকে দেখিয়ে দিল যে গাছের একবারে অল্প একটু পানি লাগে শুধু।



"কিন্তু আমি চাই এগুলো যাতে তাড়াতাড়ি বড় হয়!" টিটা অনুযোগ করলো।

তখন তার মা তাকে বুঝিয়ে বলল," একটি বাগানের বড় হতে সময় লাগে। আমি জানি এটা কষ্টকর কিন্তু তোমাকে ধৈর্যশীল হতে হবে।"





এক সপ্তাহ পরে বীজ থেকে গাছ বেরোতে শুরু করলো! এখন গাছগুলো কে নিজের টবে লাগাতে হবে। টিটা তাড়াহুড়া করে সব গাছ একবারে বের করার চেষ্টা করতে লাগলো।

”আস্তে টিটা, শিকড় ছিঁড়ে গেলে গাছগুলো বড় হবে না,” তার মা বললো।



ছোট চারাগুলোকে ওরা নতুন টবে লাগালো। টিটার বাবা আরো ফুল বেড়ে উঠার জন্য বাক্স বানানো শুরু করলো আর টিটা ওর বাগানের জন্য একটা সাইনবোর্ড বানালো।



খুব তাড়াতাড়ি টিটা বাগানের যত্ন নেয়ার ব্যাপারে সব শিখে গেল। কয়েকদিন পর তার বাগানে ফুল ফুটতে শুরু করলো।



এক সন্ধ্যায় খাবারে টেবিল সাজাবার জন্য টিটা কিছু সূর্যমুখী ফুল নিয়ে এলো। সে এসে দেখল তার মা সবজি রান্না করছে।

" মা, আমরা কি বাগানে সবজিও চাষ করতে পারি?"

" ভাল বুদ্ধি টিটা! আমরা এটা করতে পারি।"



আর কয়েকদিনের মধ্যেই টিটার বাগান দিয়ে পুরো ছাদটা ঢেকে গেলো। ও ফুল, গাজর, পেঁয়াজ, বেগুন এবং আরো অনেক চমৎকার গাছ লাগিয়েছে।



এখন প্রতিবেশীরা সবাই ওই ধোঁয়াভরা কারখানার বদলে টীটার বাগানের সৌন্দর্য উপভোগ করে। তারা সবাই গাছ লাগানোর ব্যাপারে ওর উপদেশ চায়। হয়তো পরের বছর তারাও ছাদের উপর বাগান করবে।



সার্বিক সহযোগিতায় স্মার্ট

## Brought to you by

The Asia Foundation

Let’s Read is an initiative of The Asia Foundation’s Books for Asia program that fosters young readers in Asia and the Pacific.
booksforasia.org
To read more books like this and get further information about this book, visit letsreadasia.org

**Original Story**
*សួនដំបូល (Rooftop Garden)*, Author: Kim Ann Arun. Illustrator: Chea Sereyroth. Published by The Asia Foundation - Let’s Read, © The Asia Foundation - Let’s Read. Released under CC BY-NC 4.0.

This work is a modified version of the original story. © The Asia Foundation, 2020. Some rights reserved. Released under CC BY-NC 4.0.

For full terms of use and attribution,
http://creativecommons.org/licenses/by-nc/4.0/

Contributing translators: Sukla Dey, Sameeo Sheesh, Nabila Ahmed, Rifah Nawar, Fahmid Shahriar, and Rabeya Mahabub